গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী
e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com, fax: 02588853145

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২২.১৭১৫

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**অতীব জরুরী**

# বিজ্ঞপ্তি

বিষয়: TMIS ID অনুমোদন (Authorized) ও সংশোধন সংক্রান্ত

সূত্র: স্মারক নং-(০-৫)/জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/৫৪২, তারিখ: ০১/০৯/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাজশাহী কলেজে কর্মরত কর্মকর্তাগণের নিজ নিজ TMIS ID অনুমোদন (Authorized) ও সংশোধনের সময়সীমা আগামী ১৫/০৯/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। TMIS ID অনুমোদন (Authorized) ও সংশোধনের প্রয়োজনীয় নির্দেশনাবলী অনুযায়ী (কপি সংযুক্ত) ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।

০৭/০৯/২০২২
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী
০২৫৮৮৮৫৫৪৭৫

07/09/22

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:**
১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। বিভাগীয় প্রধান (সকল), রাজশাহী কলেজ, রাজশাহী (কর্মকর্তাগণকে অবহিত করণের অনুরোধসহ);
৩। প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। সংরক্ষণ নথি।

জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর

রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ৪৯১
তারিখ ০৬/০৯/২০২২
স্থাপিত: ১৮৭৩

স্মারক নং- (০-৫)/জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/৫৪২ তারিখ : ০১/০৯/২০২২ ইং

**TMIS ID অনুমোদন (Authorized) ও সংশোধন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি ঃ**

উপর্যুক্ত বিষয়ে ১৭/০৭/২২ তারিখের স্মারক নং- (০-৫)/জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/৫৪২ এর মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তির (কপি সংযুক্ত) সময়সীমা ৩০/০৮/২০২২ থেকে ১৫/০৯/২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আগামী ১৫/০৯/২০২২ ইং তারিখের মধ্যে TMIS ID অনুমোদন এবং সংশোধনের কাজ সম্পান্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭.
ইমেইল : controller@nu.ac.bd

**জাতীয় বিশ্ববিদ্যালয়**
**পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর**
**গাজীপুর**

স্মারক নং- (০-৫)/জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/ ৫৪২ তারিখ : ১৭/০৭/২০২২

## TMIS ID অনুমোদন (Authorized) ও সংশোধন সংক্রান্ত জরুরী নির্দেশাবলী:

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভূক্ত সকল কলেজ/ইনস্টিটিউট এর শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ মহোদয় কর্তৃক TMIS ID অনুমোদন (Authorized) সহ TMIS ID সংক্রান্ত জরুরী নির্দেশাবলী নিম্নরূপ:

১। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত শিক্ষকদের নতুন TMIS ID খোলার পর তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয়গণ যাচাইপূর্বক অনুমোদন (Authorized) করবেন। অনুমোদন (Authorized) করার জন্য অধ্যক্ষ মহোদয়গণকে নিজ নিজ User Name ও Password ব্যবহার করে TMIS ID লগইন করতে হবে।
অনুমোদনের পর TMIS ID এর হার্ডকপিতে অধ্যক্ষ মহোদয় স্বাক্ষর করে তা জনাব মোহাম্মদ আবদুস সালাম খান, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবর প্রেরণ করবেন:

২। অনুমোদন (Authorized) করার জন্য TMIS ID লগইন করার প্রক্রিয়া নিম্নরূপ:
**www.nu.ac.bd > Service > TMIS Login > Home > College Teacher's Profile > Authorized.**
আবেদনকারীদের স্ব-স্ব Check Box এ √ চিহ্ন দিয়ে Authorized এ ক্লিক করতে হবে:

৩। অধিভূক্ত কলেজ/ইনস্টিটিউট এর সকল নিয়মিত শিক্ষকের TMIS ID থাকা বাধ্যতামূলক। একজন শিক্ষকের একটিমাত্র TMIS ID থাকবে। কোন ডুপ্লিকেট TMIS ID রাখা যাবেনা। তাই TMIS ID খোলার সময় সাবধানতা অবলম্বন করতে হবে। যদি কোন শিক্ষকের একাধিক TMIS ID পাওয়া যায় তবে ঐ শিক্ষকের সকল TMIS ID বাতিল করা হবে। যদি কোন TMIS ID ধারী শিক্ষক পরীক্ষা সংক্রান্ত কাজে অংশগ্রহণ করতে না চান তাহলে তিনি অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে জানিয়ে দেবেন:

৪। যে সকল শিক্ষকের একাধিক TMIS ID রয়েছে তাঁদের ক্ষেত্রে একটি Authorized ID রেখে বাকিগুলো বাতিল (Delete) করার জন্য কলেজওয়ারী TMIS ID বাতিলের তালিকা অধ্যক্ষ মহোদয়গণ নিজ নিজ কলেজের Verified ইমেইল হতে বিশ্ববিদ্যালয়ের tmishelpline@gmail.com ইমেইলে জরুরী ভিত্তিতে প্রেরণ করবেন। উল্লিখিত সকল প্রক্রিয়া আগামী ৩০.০৮.২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৫। যে সকল শিক্ষক TMIS ID এ নাম অন্তর্ভূক্ত করেছেন তাঁদের প্রদত্ত তথ্যাদি সঠিক আছে কি না তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয় নিশ্চিত করবেন। যদি না থাকে তাহলে প্রয়োজনীয় সংশোধনের জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয় উল্লিখিত ইমেইলের মাধ্যমে সংশোধনের বিবরণসহ তালিকা প্রেরণ করবেন। তালিকার সাথে প্রয়োজনীয় প্রমাণক (যেমন- বদলীর আদেশ এবং পদোন্নতি নিয়োগ ও যোগদানপত্র, ব্যাংক হিসাবের চেকের কাভার পেইজ ইত্যাদির সত্যায়িত ফটোকপি) অবশ্যই সংযুক্ত করবেন। প্রেরিত তালিকা মোতাবেক সংশোধনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। নিয়মিত শিক্ষক ছাড়া অন্য কোন শিক্ষক (অতিথি/খন্ডকালীন শিক্ষক) TMIS ID এ নাম অন্তর্ভূক্ত করতে পারবেন না।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভূক্ত কলেজ/ইনস্টিটিউট শিক্ষকগণের একটি সঠিক TMIS ID তালিকা তৈরীর লক্ষ্যে উল্লিখিত নির্দেশাবলী জারী করা হলো। জারীকৃত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭.
ইমেইল : controller@nu.ac.bd